

70th Foundation Day of ICCR

April 09, 2020

আই সি সি আর-এর 70 তম প্রতিষ্ঠা দিবস

এপ্রিল 09,2020

ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনস(আই সি সি আর) 9ই এপ্রিল 70 তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করছে। যদিও, পূর্বনির্ধারিত এই মহা সমারোহ কোভিড-19-এর কারণে একবছর পিছিয়ে গেছে।

এই উপলক্ষ্যে আই সি সি আর-এর সভাপতি ড. বিনয় সহস্রবুদ্ধে তার বার্তায় বলেছেন, “ আই সি সি আর ভারতীয় সংস্কৃতির আলোকঙ্কল জ্ঞানের চর্চা সবদিক থেকে করে চলেছে এবং যখন সারা বিশ্বের জনগোষ্ঠী এক অভূতপূর্ব চ্যালেঞ্জের মোকাবিলা করছে, ও নিঃসঙ্গ এবং বিচ্ছিন্ন অনুভব করছে সেই সময় ভারতীয় দর্শন যেমন বসুধৈব কুটুম্বকম বা বিশ্ব একটি পরিবার, এই বার্তা অতীতের যেকোন সময়ের তুলনায় বর্তমানে অনেক বেশী প্রাসঙ্গিক।এমনকি এই এই লকডাউন পরিস্থিতিতেও, আই সি সি আর যোগা, শাস্ত্রীয় নৃত্য, এবং এমনকি হিন্দি ও সংস্কৃত শেখার ই-টিউটরিয়াল আয়োজন করে চলেছে। আমরা “ শো জারি থাকা উচিত” -এর সাথে কাজ করে চলেছি। ইতিমধ্যে সংঘবদ্ধ ভাবে কোভিড-19-এর চ্যালেঞ্জের মোকাবিলা করার মূলভাবের উপরে বিশ্বব্যাপী একটি অঙ্কন প্রতিযোগিতার কথা ঘোষণা করেছি এবং এই ধরনের আরো অনেক প্রোগ্রামের মধ্যে দিয়ে আমরা এই পরিস্থিতির মোকাবিলা করব”।

ভারতের প্রথম শিক্ষামন্ত্রী মোলানা আবুল কালাম আজাদ 1950 সালে আই সি সি আর-এর প্রতিষ্ঠা করেন। এর উদ্দেশ্য ছিল ভারত এবং বিশ্বের মধ্যে সাংস্কৃতিক সম্পর্ক এবং পারস্পরিক বোঝাপড়াকে মজবুত ও পরিপুষ্ট করা আর অন্য দেশ ও জনগণের সাথে সাংস্কৃতিক আদানপ্রদানকে উৎসাহিত করা।

গত সাতদশক ধরে, একটি প্রতিষ্ঠান হিসেবে আই সি সি আর-এর কর্মকাল্ডে ভারতের সাংস্কৃতিক ঐতিহ্যকে উৎসাহ প্রদানের লক্ষ্যে নতুনতর মাত্রা অর্জন করেছে এবং একটি শ্রেণিবদ্ধ সুন্দর-ডিজাইন করা ও লক্ষ্যিত প্রোগ্রামের মাধ্যমে ‘সফট পাওয়ার’ হিসেবে পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের শাখা হিসেবে আবির্ভূত হয়েছে।

আই সি সি আর-এর বিশাল মাত্রার সাংস্কৃতিক, শিক্ষাবিসয়ক এবং বোধিক আদানপ্রদান ও বিদেশে ভারতের সংস্কৃতিকে উৎসাহ প্রদানের মধ্যে বিভিন্ন কর্মকাল্ড অন্তর্ভুক্ত রয়েছে। ভারতের শিল্পকলা, ইতিহাস, লোককথা, নৃত্য, সঙ্গীত, যোগ, ভাষা, খাদ্য, উৎসব এবং সমসাময়িক বিষয় সহ বিভিন্ন কর্মকাল্ডগুলি বিদেশে 38টি কেন্দ্র এবং ভারতে 19টি আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে হয়ে থাকে।

বিশ্বে ভারতে সংস্কৃতি সম্পর্কে বোঝাপড়াকে উজ্জ্বল করার প্রচেষ্টাকে আরও বড় করার লক্ষ্যে আই সি সি আর-এর এক্তিয়ানের অন্তর্গত মুখ্য প্রোগ্রামগুলিকে নিম্নলিখিত শ্রেণিতে শ্রেণিভুক্ত করা যেতে পারে:

- I. ভারতের শিল্পকলাকে পোষন করার জন্য ভারতীয় সাংস্কৃতিক প্রতিনিধিদের বিদেশে প্রেরণ করা এবং বিদেশে ভারতীয় উৎসব পালন করা।
- II. ভারতে বিদেশী সাংস্কৃতিক দলকে আমন্ত্রণ করা এবং ভারতে আন্তর্জাতিক সাংস্কৃতিক উৎসব আয়োজন করা।
- III. ভারতে এবং বিদেশে শিল্পকলার প্রদর্শনী করা।
- IV. ভারতের বিভিন্ন বিখ্যাত ব্যক্তিদের মূর্তি বিদেশে উপহার দেওয়া।
- V. আন্তর্জাতিক ছাত্রদের জন্য বৃত্তির বদোবস্ত করা।
- VI. বিদেশী প্রতিষ্ঠা/বিশ্ববিদ্যালয়ে ফেলোশিপ প্রোগ্রাম, ভারতীয় চেয়ারের স্থাপনা করা।
- VII. ভারত সম্পর্কে এক ঝলক দেখানোর জন্য বিদেশ থেকে সম্মানীয় এবং পন্ডিত ব্যক্তিদের ভারতে আমন্ত্রণ করা।
- VIII. পুরস্কার কার্যক্রম (প্রাক্তনি, ভারতবিদ্যা এবং সংস্কৃত)
- IX. বিদেশে ভারতীয় ভাষার বিশেষত হিন্দি এবং সংস্কৃত এবং ভারতীয় সাহিত্যেরও পোষণ করা।
- X. বিদেশে যোগ এবং আন্তর্জাতিক যোগ দিবস পালনে উৎসাহ প্রদান করাঃ
- XI. বাৎসরিক বক্তৃতাক্রম আয়োজন করা(21 শে মে তারিখে আন্তর্জাতিক সংস্কৃতি দিবস উপলক্ষ্যে দীন দয়াল উপাধ্যায় বক্তৃতা)

বেশ কয়েকবছর ধরে, ধারণা, আদর্শ এবং সংস্কৃতির উর্বতার সংমিশ্রণের মাধ্যমে আই সি সি আর আমাদের সহস্রবছরের পুরনো সভ্যতা এবং সংস্কৃতির আদর্শকে বিশ্বের দরবারে নিয়ে এসেছে এবং বসুধোইব কুটুম্বকম-বিশ্বপরিবার-এর লক্ষ্যকে পরিপুষ্ট করেছে। আই সি সি আর-এর বার্তাকে ছড়িয়ে দেবার ক্ষেত্রে আই সি সি আর-এর প্রাক্তনির বলশালী দল হাতিয়ার হিসেবে কাজ করেছে যারা আলোকজ্বল বিশ্বায়নের আদর্শে আলোকিত। পর্ষদ এখন, বিভিন্ন ভারতীয় বিশ্ববিদ্যালয় /প্রতিষ্ঠানে প্রতিবৎসর প্রায় 4,000 স্নাতক, স্নাতকোত্তর, এম.ফিল/ পিএইচডি এবং পিএইচডি পরবর্তী বৃত্তি প্রদান করে থাকে।

জ্ঞানান্বেষণ বরাবরই ভারতের সংস্কৃতি এবং সভ্যতার একটি মৌলিক অঙ্গ। স্মরণাতীতকাল থেকে সমগ্র বিশ্বের জ্ঞানান্বেষক এবং অনুসন্ধিৎসু মনকে ভারত আকর্ষণ করে এসেছে। কনফারেন্স, সেমিনার, ভারতবিদ্যার চেয়ার প্রদান এবং ভারতীয় প্রতিষ্ঠানের প্রাক্তনিদের কর্মকাল্ডের মাধ্যমে ভারতকে শিক্ষার কেন্দ্রস্থল করা এবং শিক্ষাগত বিনিময়কে পোষণ করাকে ভারত জারি রেখেছে।

সাতদশক ধরে আমাদের উপস্থিতি গর্ব এবং আনন্দিত হবার মত বিষয়। কোভিড-19 অতিমারির কারণে , আমরা যার সম্মুখীন আমরা হয়েছি; আই সি সি আর ভারতে এবং বিদেশে 9ই এপ্রিল এর প্রতিষ্ঠা দিবস উদযাপন করবে বিভিন্ন অনলাইন কর্মকাল্ডের মাধ্যমে। আন্তর্জাতিক ছাত্রছাত্রী এবং

ভারতীয় অভিবাসীদের জন্য ভারতে এবং বিদেশে প্রবন্ধ প্রতিযোগিতার আয়োজন করা হবে। ভারতে অধ্যয়নরত ছাত্রছাত্রীদের জন্য আই সি সি আর একটি ব্লগ স্পেস চালু করবে এবং বিদেশে আমাদের ভারতীয় দূতাবাসগুলি তাদের নিজ নিজ দেশে উপযোগী পদ্ধতিতে এই দিনটি উদযাপন করবে।

নিউ দিল্লি

এপ্রিল 09,2020

Disclaimer: This is an approximate translation. The original is available in English on MEA's website and can be referred to as an official press release.